

০২০



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা।
(ভিআর শাখা)

স্মারক নং-৪৪.০১.০০০০.০০০.৯৯.০০১.২০. ২২৬০

তারিখঃ ১৮ মার্চ ২০২০খ্রিঃ

প্রতি

সহকারী পরিচালক (নিরাপত্তা)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

বিষয় : পুলিশ ক্লিয়ারেন্সের জন্য সরকারী কোষাগারে টাকা জমা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরটি KPI অন্তর্ভুক্ত একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। বন্দরের নিরাপত্তার স্বার্থে কর্তৃপক্ষ পুলিশ ক্লিয়ারেন্স সাপেক্ষে বন্দর ব্যবহারকারীদের জন্য পাশ ইস্যু করেন। এ কারণে বন্দর কর্তৃপক্ষের নিরাপত্তা শাখা পুলিশ ক্লিয়ারেন্সের জন্য বন্দরের নির্ধারিত ফরম পূরণ করে স্পেশাল ব্রাঞ্চ, ভি-আর শাখায় প্রেরণ করে। এ শাখার মাধ্যমে তাদের আবেদনগুলো বিভিন্ন নগর/জেলা বিশেষ শাখা থেকে তদন্ত করিয়ে এনে বন্দরে প্রবেশের জন্য পুলিশ ক্লিয়ারেন্স প্রদান করা হয়। সরকারী নিয়ম মোতাবেক সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরীর ভেরিফিকেশনের জন্য কোনরূপ অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিতে হয় না। কিন্তু যে কোন বেসরকারী প্রতিষ্ঠান/ব্যক্তির ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্সের পরিপত্র অনুযায়ী Police Clearance এর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ট্রেজারী চালানোর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হয়। বিধায় শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ব্যবহারকারী সকল বেসরকারী ব্যক্তি/প্রতিষ্ঠান বর্ণিত নিয়মের আওতায় আসবেন।

এমতাবস্থায় পুলিশ হেডকোয়ার্টার্স এর পরিপত্রের শর্ত মোতাবেক সোনালী ব্যাংক কোড নং- ১-৭৩০১-০০০১-২৬৮১ মূলে ৫০০/- (পাঁচশত) টাকা ট্রেজারী চালান জমা দিয়ে শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা ব্যবহারকারীগণের পুলিশ ক্লিয়ারেন্সের জন্য আবেদনের সাথে চালানোর মূল কপি প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

১৮.৩.২০
বিশেষ পুলিশ সুপার (ভিআর)
স্পেশাল ব্রাঞ্চ
বাংলাদেশ পুলিশ, ঢাকা।